# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৩

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - উযূর নিয়ম-কানুন

## আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّأَ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ وَقَالَ: هُوَ «نُورٌ عَلَى نُورٍ»

## বাংলা

৪২৩-[৩৩] ’আবদুল্লাহ ইবনু যায়দ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুই দুইবার করে উযূ (ওযু/ওজু/অজু)-র অঙ্গগুলো ধুলেন। অতঃপর বললেন, এটা হলো আলোর উপর আলো।[1]

## ফুটনোট

[1] ভিত্তিহীন : তারগীব ১/৯৯। মুনযিরী তারগীবে বলেছেন, হয়তো এটি কোন সালাফের উক্তি হবে।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (قوله تَوَضَّأَ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ) ‘‘উযূর যে সমস্ত অঙ্গগুলো ধৌত করতে হয় তা দু’বার করে ধৌত করা, (এটা আলোর উপর আলো)’’। অর্থাৎ- উযূর অঙ্গগুলো দু’বার করে ধৌত করার কারণ হলো আলো বৃদ্ধি করা। ইমাম ত্বীবী বলেনঃ ঐ উক্তির প্রতি ইঙ্গিত করে বলা যায়, অবশ্যই রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উম্মাতের উযূর অঙ্গগুলো অতি উজ্জ্বল হবে ও চমকাতে থাকবে। এটা হবে উযূর উযূ জনিত হিদায়াতের কারণে। অথবা সুন্নাত ও ফার্যের (ফরযের/ফরজের) অনুশাসন মেনে চলার উপর। আল্লাহ তাঁর নূরের পথপ্রদর্শন করবেন যাকে ইচ্ছা তাকে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54982

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন